## ৫০তম বিসিএস (লিখিত) পরীক্ষা

করবী

বিষয় কোড : ০০৭
সময় : ৩ ঘণ্টা
পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

১. **নিম্নোক্ত প্রশ্নসমূহের উত্তর দিন : ১০ × ৪ = ৪০**

(ক) 'অর্থনৈতিক নিষেধাজ্ঞা (Economic Sanction)' কীভাবে বিভিন্ন দেশের সম্পর্কের ওপর প্রভাব ফেলে– সংক্ষেপে আলোচনা করুন।

(খ) ট্র্যাক II কূটনীতি (Track II diplomacy) কী? বর্তমানে বাংলাদেশ কীভাবে বিদ্যমান নিরাপত্তা চ্যালেঞ্জগুলোকে ট্র্যাক II কূটনীতির মাধ্যমে সমাধানের উদ্যোগ নিতে পারে– ব্যাখ্যা করুন।

(গ) আন্তর্জাতিক সহযোগিতা ব্যাখ্যাড বাস্তববাদ (Realism) ও নব্য-উদারবাদী প্রাতিষ্ঠানিকতাবাদ (Neo-liberal Institutionalism) এর পার্থক্য আলোচনা করুন।

(ঘ) ১৯৫১ সালে প্রণীত রিফিউজি কনভেনশন (Refugee Convention) কীভাবে 'শরণার্থী' (Refugee) কে সংজ্ঞায়িত করে? কোন কোন পরিস্থিতিতে বাস্তুচ্যুত জনগোষ্ঠীকে শরণার্থী হিসেবে স্বীকৃতি প্রদান করা যায়?

(ঙ) ইন্দো-প্যাসিফিক অঞ্চলে সামুদ্রিক নিরাপত্তা কৌশল নির্ধারণে ভূরাজনীতি কী ভূমিকা পালন করে?

(চ) আন্তর্জাতিক রাজনীতিতে 'Post-structuralism' এবং 'Deconstructionism' সংক্ষেপে বর্ণনা করুন।

(ছ) দাতা দেশগুলোর কৌশলগত ও রাজনৈতিক স্বার্থ কীভাবে বৈদেশিক সাহায্যের বণ্টন ও শর্তারোপকে প্রভাবিত করে?

(জ) গণহত্যায় সহযোগিতা (Complicity in Genocide) কী? বর্তমান বিশ্ব পরিস্থিতিতে কোন কোন আন্তর্জাতিক ঘটনাবলি গণহত্যায় সহযোগিতার পর্যায়ে পড়ে?

(ঝ) জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি উন্নয়নশীল দেশগুলোর পররাষ্ট্রনীতির অগ্রাধিকারগুলোকে কীভাবে পুনঃসংজ্ঞায়িত করে?

(ঞ) 'Absolute Gain' ও 'Relative Gain' বলতে কী বোঝায়? আন্তর্জাতিক সহযোগিতার ক্ষেত্রে কোনটি অধিক প্রাসঙ্গিক?

২. **যথাযথ তথ্য-উপাত্ত ও উদাহরণ ব্যবহার করে নিম্নবর্ণিত বিশ্লেষণাত্মক প্রশ্নসমূহের উত্তর লিপিবদ্ধ করুন : ৩×১৫= ৪৫**

(ক) ডি-ডলারাইজেশন (De-dollarisation) কী? ডি-ডলারাইজেশনের অন্তর্নিহিত কারণসমূহ বর্ণনা করুন।

(খ) বর্তমানে চলমান বৈশ্বিক অনিশ্চয়তার প্রেক্ষাপটে আঞ্চলিক সংস্থাসমূহের ভূমিকা নতুন করে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে– এ পরিপ্রেক্ষিতে আঞ্চলিক নিরাপত্তা ও অর্থনৈতিক সংহতির ক্ষেত্রে ASEAN, EU ও BIMSTEC-এর ভূমিকা মূল্যায়ন করুন।

(গ) 'জনতাত্ত্বিক শীতকাল' (Demographic Winter) কী? কোন কোন রাষ্ট্রগুলো এই সমস্যার মুখোমুখি? বাংলাদেশ কীভাবে জনতাত্ত্বিক শীতকাল থেকে সুবিধা নিতে পারে?

৩. **নিম্নোক্ত সমস্যা সমাধানমূলক প্রশ্নগুলোর উত্তর দিন :**

**৩ × ৫ = ১৫**

বৈশ্বিক সরবরাহ ব্যবস্থায় বিঘ্ন, সুরক্ষাবাদী নীতি, কৌশলগত বাণিজ্য নিয়ন্ত্রণ, পারস্য উপসাগরে চলমান সংকট এবং যুক্তরাষ্ট্রের পারস্পরিক শুল্ক (Reciprocal Tariff) আরোপ আন্তর্জাতিক অর্থনীতিতে নতুনভাবে প্রভাব ফেলছে। এ পরিপ্রেক্ষিতে একজন নীতিবিশ্লেষক হিসেবে আপনি বাংলাদেশের জন্য কী কী কৌশলগত পদক্ষেপ প্রস্তাব করেন? উত্তর প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলোর উপর মনোনিবেশ করুন :

(ক) বর্তমান বিশ্ব পরিস্থিতিতে বাংলাদেশ কীভাবে গ্লোবাল ভ্যালু চেইনে (Global Value Chain) তার অবস্থান পুনর্নির্ধারণ (Reposition) করতে পারে?

(খ) কী ধরনের বৈচিত্র্যকরণ নীতিমালা (Diversification Policy) অবলম্বন করলে প্রতিযোগিতামূলক বিশ্ববাজারে প্রাসঙ্গিক থাকা যায়?

(গ) বাণিজ্য ঘাটতি কমিয়ে প্রতিযোগিতায় এগিয়ে থাকার লক্ষ্যে কী ধরনের প্রাতিষ্ঠানিক এবং নীতিগত সংস্কার প্রয়োজন?